# ডেঙ্গুতে আরও একজনের মৃত্যু, একদিনে হাসপাতালে ভর্তি ৪৩০ রোগী




সংগৃহীত ছবি

দেশে ডেঙ্গুর প্রকোপ অব্যাহত রয়েছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে একজনের মৃত্যু হয়েছে এবং নতুন করে ৪৩০ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরে এ পর্যন্ত ডেঙ্গুতে ১১৫ জনের প্রাণহানি ঘটেছে এবং আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন ২৮ হাজার ৬০০-এর বেশি মানুষ।

ডেঙ্গুর পরিস্থিতি ক্রমেই উদ্বেগজনক হয়ে উঠছে। স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে রোববার (২৪ আগস্ট) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় একজনের মৃত্যু হয়েছে এবং ৪৩০ জন নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।

বিভিন্ন বিভাগের পরিসংখ্যান অনুযায়ী, গত এক দিনে বরিশালে ৭২ জন, চট্টগ্রামে ৭৯ জন, ঢাকায় ৫৪ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৫৭ জন, দক্ষিণ সিটিতে ৬৩ জন, খুলনায় ৪৬ জন, ময়মনসিংহে ১২ জন, রাজশাহীতে ৪২ জন, রংপুরে ৩ জন এবং সিলেটে ২ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন।

স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুসারে, চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে ১১৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে মোট ২৮ হাজার ৬৩২ জন রোগীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

LENS ASIA